



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস বিজ্ঞপ্তি

২১ জানুয়ারি ২০২৪

বাউবিতে ‘বিবিএ প্রোগ্রামের কারিকুলাম উপস্থাপন ও চূড়ান্তকরণ’ শীর্ষক কর্মশালা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক আয়োজিত বাউবির স্কুল বিজনেস এর বিবিএ প্রোগ্রামের কারিকুলাম উপস্থাপন ও চূড়ান্তকরণ শীর্ষক কর্মশালা ২০ ও ২১ জানুয়ারি ২০২৪ শনিবার ও রবিবার বাউবির ই-লার্নিং সেন্টারে অনুষ্ঠিত হয়।



কর্মশালায় অংশগ্রহণকারীদের সাথে বাউবির উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ও ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল

বাউবির একাডেমিক কার্যক্রমের প্রতিফলন নিশ্চিত করার জন্য শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের শিখন-শেখানো, গবেষণা, প্রশাসনিক ও পেশাগত দক্ষতা বৃদ্ধি এবং প্রাতিষ্ঠানিক গুণগতমান উন্নয়নের লক্ষ্যে এ কর্মশালার অনুষ্ঠিত হয়।

কর্মশালায় রিসোর্সপার্সন হিসেবে ছিলেন বাউবির উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, আইকিউএসি এর পরিচালক অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম ও স্কুল অব বিজনেস এর অধ্যাপক ড. শাহীন আহমেদ। কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন স্কুল অব বিজনেস এর ডিন অধ্যাপক ড. মোঃ মঈনুল ইসলাম। অনুষ্ঠান সঞ্চালনা করেন স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির অধ্যাপক মোহাম্মদ মামুনুর রশীদ। কর্মশালায় স্কুল অব বিজনেস এর বিভিন্ন স্তরের শিক্ষকগণ অংশ নেন।

স্বাক্ষর

ড. আ ফ ম মেজবাহ উদ্দিন

পরিচালক (ভারপ্রাপ্ত)